

## 🗏 আর-রুম | Ar-Rum | اُلرُّوم

আয়াতঃ ৩০ : ৬

## 💵 আরবি মূল আয়াত:

## وَعدَ اللَّهِ ١٤ لَا يُخلِفُ اللَّهُ وَعدَهُ وَ لَكِنَّ أَكثَرَ النَّاسِ لَا يَعلَمُونَ ﴿ ٤﴾

## 

আল্লাহর ওয়াদা। আল্লাহ তাঁর ওয়াদা খেলাফ করেন না। কিন্তু অধিকাংশ লোক জানে না। — আল-বায়ান এটা আল্লাহর ও'য়াদা, আল্লাহ তাঁর ও'য়াদার ব্যতিক্রম করেন না, কিন্তু অধিকাংশ লোকই জানে না। — তাইসিরুল এটা আল্লাহরই প্রতিশ্রুতি; আল্লাহ তাঁর প্রতিশ্রুতি ভঙ্গ করেননা, কিন্তু অধিকাংশ লোক জানেনা। — মুজিবুর রহমান [It is] the promise of Allah. Allah does not fail in His promise, but most of the people do not know. — Sahih International

৬. এটা আল্লাহরই প্রতিশ্রুতি; আল্লাহ তাঁর প্রতিশ্রুতির ব্যাতিক্রম করেন না, কিন্তু অধিকাংশ লোক জানে না।

তাফসীরে জাকারিয়া

- (৬) এ আল্লাহরই প্রতিশ্রুত;[1] আল্লাহ তাঁর প্রতিশ্রুতি ভঙ্গ করেনে না, কিন্তু অধিকাংশ লোক জানে না।
  - [1] অর্থাৎ, হে মুহাম্মাদ! আমি তোমাকে সংবাদ দিচ্ছি যে, ''অতি সত্বর রোমানরা পারসীকদের উপর পুনরায় বিজয়ী হবে।'' এটা আল্লাহ তাআলার সত্য ওয়াদা, যা নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই পূর্ণ হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3415

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন